



পত্র নং বাঃ কাঃ (সঃ উঃ স্বাস্থ্য)/২২৯২(১২১০)/২০১৮

তারিখঃ ২৯ পৌষ ১৪২৫
১২ জানুয়ারি ২০১৯

বিষয়: প্রতিটি উপজেলায় একটি গ্রাম নির্বাচন করে “আমার গ্রাম, আমার শহর” উন্নয়নকরণ।

প্রিয় সহকর্মী,

আপনি অবগত আছেন যে, বাংলাদেশ স্কাউটস একটি অরাজনৈতিক, শিক্ষামূলক ও স্বচ্ছসেবী প্রতিষ্ঠান। দেশের শিশু, কিশোর ও যুব বয়সী ছেলে-মেয়েদের শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক উন্নয়ন সাধনের মাধ্যমে তাদেরকে সুনামগরিক হিসেবে গড়ে তোলার জন্য বাংলাদেশ স্কাউটস নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলাদেশ স্কাউটস এর সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য বিভাগ আত্মমানবতার সেবায় নিয়োজিত থেকে সমাজ উন্নয়নে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। তন্মধ্যে বিভিন্ন দুর্যোগে উদ্ধার কার্যক্রম, প্রাথমিক স্বাস্থ্য সেবা, অস্থায়ী শেল্টার নির্মাণ, শিশু স্বাস্থ্য ও ত্রাণ বিতরণে সহায়তাদান ইত্যাদি উল্লেখযোগ্য।

২। বর্তমান সরকার প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণে অঙ্গীকারবদ্ধ। সরকারের অঙ্গীকার বাস্তবায়নে বাংলাদেশ স্কাউটস দৃঢ় প্রতিজ্ঞ। আর এই লক্ষ্যে দেশের প্রতিটি উপজেলার একটি গ্রামকে নির্বাচন করে “আমার গ্রাম, আমার শহর” উন্নয়নের আর্থ-সামাজিক জরিপ সম্পন্ন করে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন:

- (১) বাল্য বিবাহ, নারী নির্যাতন ও যৌতুক বিরোধী কার্যক্রম এবং ধুমপান ও মাদকমুক্ত গ্রাম প্রতিষ্ঠা করা;
- (২) সন্ত্রাস, জঙ্গীবাদ এবং সাম্প্রদায়িকতা মুক্ত করা;
- (৩) বিদ্যালয় গমনোপযোগী সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি, বিদ্যালয়ে তাদের শতভাগ উপস্থিতি এবং গুণগত শিক্ষা নিশ্চিত করা;
- (৪) প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যাসহ ইপিআই কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করা;
- (৫) বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি ও শিশুদের প্রতি বিশেষ যত্ন নেয়া;
- (৬) স্বাস্থ্য বিভাগের সহায়তায় মেয়েদের স্বাস্থ্য সচেতনতা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া;
- (৭) সিনিয়র সিটিজেনদের সম্মান করার বিষয়টি নিশ্চিত করা, যুবক ও যুব মহিলাদের স্কীল ডেভেলপমেন্টে সহায়তা করা;
- (৮) স্যানিটেশন, বৃক্ষরোপন করা ও অগ্নি নির্বাপনে সহায়তা করা;
- (৯) বেকারদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- (১০) গ্রাম পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ইত্যাদির উন্নয়ন করা;
- (১১) স্কাউটস ও সমাজের লক্ষ্য অর্জনে প্রাসঙ্গিক বিষয় বাস্তবায়ন করা।
- (১২) প্রতিটি গ্রামে মানবতার শপ নামে একটি কর্ণার চালু করে হ্যান্ডার টেবিল স্থাপন করা যাতে যে কেউ পোশাক রেখে যেতে পারে এবং প্রয়োজনে সংগ্রহ করতে পারে।
- (১৩) শীতের দ্রব্য সামগ্রী (গরম কাপড় ও অন্যান্য) রাখার জন্য একটি কর্ণার চালু করা যেতে পারে।

৩। এমতাবস্থায়, আপনার উপজেলায় একটি গ্রাম নির্বাচন করে স্কাউটদের সহায়তায় বর্ণিত কার্যক্রম অবিলম্বে শুরু করে বাংলাদেশ স্কাউটস এর সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ জানাই।

আপনারই

(মো: শাহ্ কামাল)

জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য)

বাংলাদেশ স্কাউটস

ও

সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

জনাব -----

উপজেলা নির্বাহী আফিসার----- উপজেলা

ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস----- উপজেলা।

বিতরণ ও জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস সকল অঞ্চল;
- ২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস সকল উপজেলা;
- ৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস সকল জেলা;
- ৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
- ২। জনাব মোঃ আবুল কালাম আজাদ, সভাপতি, বাংলাদেশ স্কাউটস ও মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৩। ড. মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ও মাননীয় কমিশনার(অনুসন্ধান), দুর্নীতি দমন কমিশন;
- ৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ৬। সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ৭। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
- ৮। সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
- ৯। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
- ১০। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
- ১১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
- ১২। বিভাগীয় কমিশনার----- বিভাগ ও পৃষ্ঠপোষক, বাংলাদেশ স্কাউটস, ----- অঞ্চল;